দৈনিক সংবাদ

তারিখ ...05 NOV 1998 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ...৪......

23

—সংবাদ

# খুলনা মেডিক্যাল কলেজে রাজনীতি নিষিদ্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ৪ঠা নভেম্বর ঃ খুলনা মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ রাখার ব্যাপারে কর্তৃপক্ষ আবার সিদ্ধান্ত নিয়েছেন। কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ আবদুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে ওই সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি একটি ছাত্র সংগঠন প্রকাশ্যে খুলনা মেডিক্যাল কলেজে তাদের আহ্বায়ক কমিটি গঠন করে। এরপর বিষয়টি নিয়ে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেন সংশ্লিষ্ট অনেকে।